জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জয়পৌঃসঃ/প্রকৌ/২০২১-২২/৯০৩০ তারিখঃ ২৫/০৫/২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৬ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৭/০৬/২০২২ইং তারিখ রোজঃ মঙ্গলবার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৬ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত-হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। রাস্তা মেরামত বিষয়ে আলোচনা।
৩। ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৬
জয়পুরহাট পৌরসভা।
২৫/৫/২২

প্রাপক ঃ

............................................................

............................................................

**জয়পুরহাট পৌরসভা কার্যালয়**
**জয়পুরহাট।**

ওয়ার্ড কমিটি (WC) এর ৫৯ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৬

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ | ০৭/০৬/২০২২ইং। |
| রোজ | ঃ | মঙ্গলবার। |
| সময় | ঃ | বেলা ১২.০০ ঘটিকা। |

অদ্য ০৭/০৬/২০২২ইং তারিখ রোজঃ মঙ্গলবার, সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৬নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

<u>১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ</u>

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরণী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মোস্তাফিজার রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

<u>২ নং আলোচ্য সূচী ঃ</u> রাস্তা মেরামত বিষয়ে আলোচনাঃ

আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ রাস্তা মেরামত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বর্তমানে পৌরসভার বেশ কিছু রাস্তা ব্যবহারের অনুপযোগী হয়ে গেছে। এসব রাস্তা মেরামত করা অতীব জরুরী হয়ে পড়েছে। এসব রাস্তা জরুরীভাবে মেরামত করা না হলে মানুষের যাতায়াতে বিভিন্ন রকম সমস্যা হচ্ছে। এছাড়াও বৃষ্টির সময় রাস্তা গর্তে পানি জমে থাকার কারণে প্রায় দূর্ঘটনা ঘটছে। পৌরসভাতে এসব রাস্তা সংস্কারের ব্যাপারে ইতিমধ্যে বেশ দরখাস্ত জমা হয়েছে। তাই এসব ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা প্রস্তুত করতে হবে। এসব তালিকার মধ্যে যে রাস্তা বেশী ব্যবহারের অনুপযোগী সেটি আগে মেরামতের ব্যবস্থা করতে হবে। আর এসব ক্ষতিগ্রস্থ রাস্তা যাতে দ্রুত মেরামত করা যায় এ ব্যাপারে পৌর পরিষদে আলোচনা করা হবে

সিদ্ধান্ত ঃ ক্ষতিগ্রস্থ রাস্তা দ্রুত রিপিয়ারিং করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ ড্রেন পরিষ্কার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন এখন যেহেতু বর্ষা মৌসুম শুরু হতে যাচ্ছে, এই সময় পৌরসভার সমস্ত ড্রেন ভালভাবে পরিষকার করতে হবে। এই সময়ে ড্রেন ঠিকমত পরিষ্কার করা না হলে, অতিরিক্ত বৃষ্টি হলে এই বৃষ্টির পানি ঠিকমত ড্রেন দিয়ে নিষ্কাশিত না হলে রাস্তা-ঘাট পানির নিচে নিমজ্জিত হবে। এছাড়া যে এলাকাগুলো নিচু এগুলো পানির নীচে তলায়ে যাবে। এতে মানুষের স্বাভাবিক জীবনে অনেক ভোগান্তির সৃষ্টি হবে। এসব ভোগান্তির হাত থেকে রক্ষার জন্য অবশ্যই ড্রেন ভালভাবে পরিষ্কার করতে হবে।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ সভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে ড্রেন নিয়মিত পরিষ্কার করার জন্য পৌরসভা থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃপ্রঃ/প্রকৌঃ/২০২১-২০২২/৯০৭৫(ক)০৬
তারিখ ঃ 09/06/2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ………………., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৬
৩। অফিস নথি।

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি WC কমিটি
ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

D:\Mostafizur (Millat)\Report (WC) & (SC)\WC & SC Report\WC Meeting\June-2022\WC ALLRegulation\Resulation WLCC-6.doc

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৬ - এর
### ৫৯ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি : মোঃ মামুনুর রশিদ, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : পৌর মিলনায়তন।
তারিখ : ০৭/০৬/২০২২ইং।
রোজ : মঙ্গলবার।
বেলা : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রমনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মামুনুর রশিদ | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৬ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | বেনজির আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | লাইজু আহম্মেদ | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | আশা বেগম | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | আশা |
| ৬ | মোঃ সহিদুল ইসলাম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | মোঃ দিলদার হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | দিলদার |
| ৮ | আলতা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | মোছাঃ সেলী বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | মোঃ মোস্তাফিজার রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |